১৭৮

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. ৩ ..1999. ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ......

### ক্যাম্পাসে প্রতিবাদ বিক্ষোভ

# ছাত্রফ্রন্ট সভাপতির উপর হামলা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গত ১লা জানুয়ারি শুক্রবার রাতে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মমতাজুর রহমান ইলুর উপর হামলা হয়েছে। এ ঘটনার প্রতিবাদে এবং হামলাকারীদের শাস্তির দাবিতে গতকাল বিভিন্ন ছাত্র সংগঠন ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে। ছাত্রফ্রন্ট অভিযোগ করেছে, ছাত্রলীগের কর্মীরা ঐ হামলা চালিয়েছে।

গত শুক্রবার রাত সাড়ে ১১টার দিকে মমতাজুর রহমান ইলু মহসীন হল থেকে ফেরার পথে সন্ত্রাসীরা তার উপর হামলা চালায়। পরে তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের ১৪ নং ওয়ার্ডে ভর্তি করা হয়।

এর প্রতিবাদে নেতৃবৃন্দ হামলাকারীদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়ার জন্য ছাত্রলীগ নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান। সমাবেশে বক্তৃতা করেন ঃ জিয়াউল হক জিয়া, নূরুল ইসলাম, মঞ্জুর-এ-খোদা টরিক, মহাসীন সরকার, রহমান মিজান প্রমুখ।

সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ঢাকা বিশ্ববিদ্যালয় শাখাও ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে। এ ছাড়া ছাত্রলীগ (বাসদ) সভাপতি ইমাম গাজ্জালি, সাধারণ সম্পাদক রহমান মিজান, বাংলাদেশ ছাত্র ফেডারেশন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি তাসলিমা আখতার লিমা, সাধারণ সম্পাদক ইয়াসিন মুকুল, জাতীয় ছাত্রদল সভাপতি বি এম শামীমুল হক, সাধারণ সম্পাদক প্রকাশ দত্ত পৃথক বিবৃতিতে হামলাকারীদের শাস্তি দাবি করেছেন।